যুগান্তর

তারিখ ০5 NOV 2015
পৃষ্ঠা ১৬ কলাম ৬

# ঢাবি 'ক' ইউনিটে ভর্তি পরীক্ষায় ২১ শতাংশ উত্তীর্ণ

## ঢাবি 'ঘ' ইউনিট ও জবি 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা কাল

**ঢাবি ও জবি প্রতিনিধি**

চলতি শিক্ষা বর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) বিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষায় ২০ দশমিক ৭৫ শতাংশ শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। বুধবার দুপুরে কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক। ভর্তি অফিসের তথ্য অনুযায়ী ৭১ হাজার ২৮১ জন আবেদনকারীর মধ্যে ৬৪ হাজার ৪৭৮ জন পরীক্ষায় অংশ নেয়। অংশগ্রহণকারীদের মধ্য থেকে পাস করেছে ১৩ হাজার ৩৮০ জন। উত্তরপত্র বাতিল হয়েছে ২৫৫টি। পাসের হার ২০ দশমিক ৭৫ শতাংশ।

৩০ অক্টোবর এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। যারা পাস করেছে তাদের আগামী ১০ নভেম্বর থেকে ২১ নভেম্বর পর্যন্ত ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। উত্তীর্ণ ছাত্রছাত্রীদের কোটার ফরম ৮ নভেম্বর থেকে ১৫ নভেম্বরের মধ্যে আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে।

**'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা কাল :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষে সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের অধীনে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষা আগামীকাল (শুক্রবার) অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের ৫২টি ও ক্যাম্পাসের বাইরে ঢাকা শহরের ৩৫টি স্কুল-কলেজসহ মোট ৮৭টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েবসাইট থেকে জানা যাবে।

**ঢাবি গার্হস্থ্য অর্থনীতি ইউনিটে আবেদন ১৫ নভেম্বর পর্যন্ত :** এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাদানকল্প গার্হস্থ্য অর্থনীতি কলেজগুলোতে চলতি শিক্ষা বর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তির জন্য (শুধুমাত্র মহিলা প্রার্থীদের কাছ থেকে) আগামী ১৫ নভেম্বর রোববার বেলা ২টা পর্যন্ত অনলাইনে দরখাস্ত আহ্বান করা হয়েছে। ২০১০ থেকে ২০১৩ সাল পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং ২০১৫ সালের বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা বোর্ড/এ-লেভেল বা সমমানের বিদেশী ডিগ্রিধারী প্রার্থী দরখাস্ত করতে পারবে। প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক/সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ দুয়ের যোগফল ন্যূনতম ৪.০ হতে হবে। কোনো পরীক্ষায় জিপিএ ২.০-এর কম হলে আবেদন করা যাবে না। আবেদন ফি ৫০০ টাকা। ইউনিটটিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২৭ নভেম্বর শুক্রবার।

**জবি 'ডি' ইউনিটে ভর্তি পরীক্ষা কাল :** জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ২০১৫-১৬ শিক্ষা বর্ষের ১ম বর্ষ সম্মান শ্রেণীর 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা আগামীকাল (শুক্রবার) অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়সহ রাজধানীর মোট ২৪টি কেন্দ্রে বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত পরীক্ষা চলবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতিমধ্যে ভর্তি পরীক্ষার আসন বিন্যাস প্রকাশ করেছে।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ তথ্য ও প্রকাশনা দফতরের পাঠানোর সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, কেন্দ্রে পরীক্ষার্থীরা কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস (যেমন-ক্যালকুলেটর, ঘড়ি, মোবাইল ইত্যাদি) সঙ্গে আনতে পারবে না। পরীক্ষার্থীদের হাফ হাতার জামা ও স্যান্ডেল (জুতা ও মোজা ব্যতীত) পরে কেন্দ্রে আসতে হবে। তবে যারা ধর্মীয় অনুশাসন মেনে পোশাক পরবে তাদের জন্য পোশাকের শর্ত শিথিলযোগ্য। কিন্তু ওই পরীক্ষার্থদের বিশেষ নজরদারিতে রাখা হবে। এক কেন্দ্রের পরীক্ষার্থী অন্য কেন্দ্রে পরীক্ষা দিলে উত্তরপত্র বাতিল করা হবে। পরীক্ষার্থীকে অবশ্যই প্রিন্ট করা প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। পরীক্ষার আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট (www.jnu.ac.bd বা [illegible] jnu.ac.bd)-এই ঠিকানায় পাওয়া যাবে। [illegible]